দৈনিক সংবাদ

তারিখ ...

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# শেরপুরে বিএনসিসি'র ক্যাপসুল প্রশিক্ষণ

শেরপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি)-এর রমনা রেজিমেন্টের ২, ৩ ও ৫ ব্যাটালিয়নের গ্রুপ/ক্যাপসুল প্রশিক্ষণ শিবির সম্প্রতি আনুষ্ঠানিক প্যারেডের মধ্য দিয়ে শেষ হয়েছে। শেরপুর সরকারি-কলেজ মাঠে গত ৩রা অক্টোবর সমাপনী দিবসে রমনা রেজিমেন্টের রেজিমেন্ট. কমান্ডার লে. কর্নেল মোহাম্মদ আবদুল খালেক প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণার্থী ক্যাডেট কর্তৃক প্রদেয় আনুষ্ঠানিক কুচকাওয়াজের সালাম গ্রহণ, প্যারেড পরিদর্শন ও প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র এবং পুরস্কার বিতরণ করেন। এ সময় বিএনসিসিরি ৫ রমনা ব্যাটালিয়নের এ্যাডজুট্যান্ট মেজর তারিকুল ইসলাম, ৩ রমনা ব্যাটালিয়ন এ্যাডজুট্যান্ট মেজর আসিফ তার সাথে ছিলেন।

সমাপনী দিবসে সরকারি কলেজ মিলনায়তনে এক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

প্রধান অতিথি তার বক্তৃতায় বলেন, সশস্ত্র বাহহনীর সাথে দুর্যোগ মুহূর্তে কাজ করার জন্য একটি প্রশিক্ষিত বাহিনী তৈরি রাখার প্রয়োজনেই বিএনসিসির প্রতিষ্ঠা করা হয়েছে। বিএনসিসির স্বেচ্ছাসেবকরা দেশ সেবায় এবং প্রাকৃতিক দুর্যোগে প্রশংসনীয় ভূমিকা রেখে চলেছে।

শেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ মনিন্দ্র কুমার সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা অনুষ্ঠানে মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল খালেক, প্লাটুন কমান্ডার তহুর উদ্দিন, সরকারি ভিক্টোরিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক এবং ৩টি ব্যাটালিয়নের কমান্ডারগণ বক্তব্য রাখেন।

২৭শে সেপ্টেম্বর থেকে ৩রা অক্টোবর পর্যন্ত ৭ দিনব্যাপী বিএনসিসির এ গ্রুপ/ক্যাপসুল প্রশিক্ষণ শিবিরটি শেরপুর সরকারি মহিলা কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। বিভিন্ন রকম ড্রিল, যুদ্ধের কলাকৌশল, সাংস্কৃতিক অনুষ্ঠান, সাধারণ জ্ঞান, আপদকালীন প্রস্তুতি ও খেলাধুলার সমন্বয়ে ছিল এ গ্রুপ/ক্যাপসুল প্রশিক্ষণ।

রমনা রেজিমেন্টের ২, ৩ ও ৫ ব্যাটালিয়ন শেরপুর সরকারি কলেজ, শেরপুর সরকারি মহিলা কলেজ ও শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমির ৭৯ জন বিএনসিসি ক্যাডেট এ গ্রুপ/ক্যাপসুল প্রশিক্ষণে অংশ নেন।



*শেরপুর ঃ বিএনসিসি'র রমনা রেজিমেন্টের ক্যাপসুল প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে সালাম গ্রহণ করছেন প্রধান অতিথি লে. কর্নেল মো. আবদুল খালেক* -সংবাদ